



টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ (টিপিএসসি)

জয়পুরপাড়া, বগুড়া।

স্মারক নং- টিএমএসএস/টিপিএসসি/বগুড়া/২০২৩-১২০৯

তারিখ: ০৪/০৯/২০২৩ খ্রি.

অফিস আদেশ

মোটর সাইকেল নিয়ে ক্যাম্পাসে প্রবেশে নিষেধাজ্ঞা প্রসঙ্গে

- ১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজের শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও অভিভাবকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে অত্র প্রতিষ্ঠানে অধ্যয়নরত বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীরা মোটর সাইকেল নিয়ে ক্যাম্পাসে আসা-যাওয়া করছে। পর্যবেক্ষণে দেখা যায় যে, তারা ক্যাম্পাসের মধ্যে লাগামহীনভাবে ড্রাইভ করে যা অন্যান্য কচি-কাঁচা শিক্ষার্থীদের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। এমতাবস্থায় অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় সকল শ্রেণির শিক্ষার্থীদের মোটর সাইকেল নিয়ে ক্যাম্পাসে প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করা হলো। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২। শিক্ষার্থীরা যেন মোটর সাইকেল নিয়ে ক্যাম্পাসে প্রবেশ না করে উক্ত বিষয়ে প্রয়োজনীয় আদেশ/পরামর্শ/প্রেষণা প্রদানের জন্য সম্মানিত অভিভাবকগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ৩। শ্রেণিশিক্ষকগণকে উক্ত বিষয়টি ছাত্র-ছাত্রী/অভিভাবকগণকে অবহিতকরণের জন্য বলা হলো।
- ৪। বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য জানানো হলো।

টিএমএসএস পাবলিক স্কুল এ্যান্ড কলেজ

বিতরণ:

নির্বাহী পরিচালক, চেয়ারম্যান, অধ্যক্ষ, পরামর্শক, উপাধ্যক্ষ, সহকারী অধ্যাপক, সংশ্লিষ্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট শিক্ষক/শ্রেণিশিক্ষক, নোটিশ বোর্ড, ওয়েবসাইট।